
দৈনিক বাংলা

তারিখ ২৫/২/৭৮
পৃষ্ঠা ১ ... ১




'উত্তরণ' প্রদত্ত ১৯৭৫ সালের জহির রায়হান চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ অভিনেতা আনোয়ার হোসেন ও শ্রেষ্ঠ অভিনেত্রী রোজী সামাদকে পুরস্কার দিচ্ছেন প্রফেসর কবীর চৌধুরী —দৈনিক বাংলা

## জহির রায়হান চলচ্চিত্র পুরস্কার বিতরণ

(স্টাফ রিপোর্টার)

'উত্তরণ' প্রবর্তিত 'জহির রায়হান চলচ্চিত্র পুরস্কার' গতকাল বিতরণ করা হয়েছে। গতকাল দু' বছরের— ১৯৭৫ ও ১৯৭৬ সালের পুরস্কার একত্রে বিতরণ করা হয়।

এ পুরস্কার বিতরণ উপলক্ষে গতকাল সন্ধ্যায় স্থানীয় এক হোটেলে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর কবীর চৌধুরী বলেন, যে-কোন মহৎ শিল্প সৃষ্টির জন্যে সমাজ কাঠামোর পরিবর্তন আবশ্যক। এটা চলচ্চিত্র, সংগীত, চারু, কারু প্রভৃতি সকল শিল্পের ক্ষেত্রেই প্রযোজ্য। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চিত্রালী সম্পাদক জনাব এস এম পারভেজ। উত্তরণের

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## জহির রায়হান

(১-এর পৃঃ পর)

সেক্রেটারী জেনারেল পারভিন এ হাশেম অনুষ্ঠানে জানান, '৭৫ ও '৭৬ সালে মুক্তিপ্রাপ্ত ৪০টি চলচ্চিত্রের মধ্যে প্রতিযোগিতার জন্যে ২০টি বাছাই করা হয়েছিল।

**১৯৭৫ সালের পুরস্কার—**

১৯৭৫ সালের শ্রেষ্ঠ চলচ্চিত্র হিসেবে 'জহির রায়হান চলচ্চিত্র পুরস্কার' পেয়েছে লাঠিয়াল। এ ছবি পরিচালনা করে শ্রেষ্ঠ পরিচালকের পুরস্কার পেয়েছেন মিতা। অন্যান্য ক্ষেত্রে যারা পুরস্কার পেয়েছেন তাদের মধ্যে শ্রেষ্ঠ চিত্রনাট্যকার— আহমদ জামান চৌধুরী (বাদী থেকে বেগম), শ্রেষ্ঠ চিত্রগ্রাহক—রেবী ইসলাম (চরিত্রহীন), শ্রেষ্ঠ সংগীত পরিচালক—আজাদ রহমান (এপার ওপার), শ্রেষ্ঠ গীতিকার—গাজী মযহারুল আনোয়ার (হারজিত), শ্রেষ্ঠ গায়িকা—সাবিনা ইয়াসমিন (হারজিত), শ্রেষ্ঠ অভিনেতা— আনোয়ার হোসেন (লাঠিয়াল), শ্রেষ্ঠ অভিনেত্রী—রোজী সামাদ (লাঠিয়াল), শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেতা মোস্তফা (চরিত্রহীন) এবং শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেত্রী—সুমিতা (সুজন সখী)।

**১৯৭৬ সালের পুরস্কার—**

শ্রেষ্ঠ চলচ্চিত্র—পালংক, শ্রেষ্ঠ পরিচালক—আমজাদ হোসেন (নয়নমণি), শ্রেষ্ঠ চিত্রনাট্যকার—আলমগীর কবীর (সূর্যকন্যা), শ্রেষ্ঠ কাহিনীকার—কবীর আনোয়ার (সুপ্রভাত), শ্রেষ্ঠ চিত্রগ্রাহক—আবদুস সামাদ (সূর্যগ্রহণ), শ্রেষ্ঠ সংগীত পরিচালক—সত্য সাহা (সূর্যকন্যা), শ্রেষ্ঠ গীতিকার— ফজল শাহাবুদ্দিন (সূর্যকন্যা), শ্রেষ্ঠ অভিনেতা—বুলবুল আহমদ (সূর্যকন্যা), শ্রেষ্ঠ অভিনেত্রী— রিনি রেজা (সুপ্রভাত), শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেতা—হাসান ইমাম (সূর্যগ্রহণ), শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেত্রী—জয়শ্রী কবীর (সূর্যকন্যা)। এছাড়া বিচারক মন্ডলীর বিশেষ পুরস্কার পেয়েছেন 'মেঘের অনেক রং'—এর প্রযোজক আনোয়ার আশরাফ।